BY KORBAN ALI

# 49 BCS Economics

# MCQ



## ৪৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষা-২০২৫ এর সিলেবাস

**ECONOMICS**

(POST RELATED)

Subject Code: 331

Total Marks-100

**Part-I**

(Principles of Economics)

Marks – 50

1. Micro and Macro economics. Basic Macro economic concepts in relation to the Keynesian model of income determination – relevance of Keynesian economics for underdeveloped countries.

2. Concepts of supply and demand and their determinates – concepts and measurements of various elasticities of demand and supply.

3. Cardinal and Ordinal utility – law of diminishing marginal utility – equimarginal principle.

4. The Indifference Curve analysis – Properties of Indifference Curve – consumer's equilibrium – income substitution and price effect.

5. Analysis of Production costs – Production function, Isoquants and return to scale – short run and long run cost curve – Producers equilibrium.

6. Price determination in a perfectly competitive market – equilibrium of the farm and the industry – short run and long run equilibrium – pricing under monopoly, oligopoly and monopolistic competition.

7. The Marginal Productivity theory of distribution – determination of rent, wages, interest and profit.

8. Types of function – linear, Quadratic, Hyperbolic, exponential and log functions – graphs of function. Equation of a straight line – Rectangular hyperbola – coordinates and location of points.

9. Concept of national income, utility of the study of national income, methods of measuring national income, nominal income and real income.

10. Theory of international trade: Necessity of Trade, Theory of Comparative advantage, Hecksher-ohlin theory of trade, terms of trade, gains from trade, tariffs and their justifications.

11. Globalization and its necessity, effects on the developing countries, Globalization under WTO regime.

## বিসমিল্লাহির রাহমানির রাহিম

## ৪৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষা-২০২৫ এর অর্থনীতি সিলেবাস

### ECONOMICS

Part-II

Marks – 50

a) Meaning of development and under development, causes of under development and their remedies – characteristics of a developing economy like Bangladesh, prospects of development of Bangladesh.

b) Issues related to development of Bangladesh: Population growth, level of unemployment, inequality in distribution of income and wealth, gender inequality, economic governance, corruption and poverty.

c) Role of Fiscal Policy in economic development: Government's budget, taxes, borrowings and repayments.

d) Role of monetary policy in economic development : role of central bank, commercial banks, specialized banks, Grameen bank, PKSP, NGOs and micro credit programs, money market, capital market, credit policy, exchange rate policy, devaluation.

e) Growth of exports, imports, terms of trade, balance of trade, foreign aid, balance of payments.

f) Changing structure of real GDP of Bangladesh (1972-2005): role of agriculture, industry and service sectors.

g) Changing structure of Bangladesh agriculture (1972-2005): role of crops, livestock, fisheries and forestry-land use pattern, agricultural productivity and reforms-self sufficiency in food.

h) Industralisation in Bangladesh (1972-2005): Role of large scale, small scale and cottage industries, RMG and other export promotion and import substitution industries.

i) Growth of service sector in Bangladesh (1972-2005) and its importance.

j) Development planning-private sector versus public – five year plans – BDF – PRSP.

k) Bangladesh economy in the era of Globalization and WTO regime: new challenges.

# TABLE OF CONTENTS


## 01. BASIC ECONOMICS
মৌলিক অর্থনীতি

Micro and Macro economics. Basic Macro economic concepts in relation to the Keynesian model of income determination – relevance of Keynesian economics for underdeveloped countries.

## 02. DEMAND & SUPPLY
চাহিদা & যোগান

Concepts of supply and demand and their determinates – concepts and measurements of various elasticities of demand and supply.

## 03. UTLITY
উপযোগ

Cardinal and Ordinal utility – law of diminishing marginal utility – equimarginal principle.

## 04. INDIFFERENCE CURVE
নিরপেক্ষ রেখা

The Indifference Curve analysis – Properties of Indifference Curve – consumer's equilibrium – income substitution and price effect.

## 05. PRODUCTION
উৎপাদন

Analysis of Production costs – Production function, Isoquants and return to scale – short run and long run cost curve – Producers equilibrium.

## 06. MARKET
বাজার

Price determination in a perfectly competitive market – equilibrium of the farm and the industry – short run and long run equilibrium – pricing under monopoly, oligopoly and monopolistic competition.

# TABLE OF CONTENTS


## 07.

### THEORIES OF DISTRIBUTION

### বিতরণের তত্ত্ব

The Marginal Productivity theory of distribution – determination of rent, wages, interest and profit..

## 08.

### BASIC FUNCTION

### মৌলিক ফাংশন

Types of function – linear, Quadratic, Hyperbolic, exponential and log functions – graphs of function. Equation of a straight line – Rectangular hyperbola – coordinates and location of points.

## 09.

### NATIONAL INCOME

### জাতীয় আয়

Concept of national income, utility of the study of national income, methods of measuring national income, nominal income and real income.

## 10

### INTERNATIONAL TRADE

### আন্তর্জাতিক বাণিজ্য

Theory of international trade: Necessity of Trade, Theory of Comparative advantage, Hecksher-ohlin theory of trade, terms of trade, gains from trade, tariffs and their justifications.

## 11.

### GLOBALIZATION AND WTO

### বিশ্বায়ন এবং বিশ্ব বাণিজ্য সংস্থা

. Globalization and its necessity, effects on the developing countries, Globalization under WTO regime.

## Part -02

### COMING SOON


Exam Batch: 500 TK (3000 Plus MCQ)


CONTACT

015 15-22 40 13


ভর্তির জন্য
অথবা
PDF বই কিনতে
যোগাযোগ
015 15 - 22 40 13

## Part-I

(Principles of Economics)

Marks – 50

## অধ্যায়: -০২

সিলেবাস টপিকস নং -২: Concepts of supply and demand and their determinates – concepts and measurements of various elasticities of demand and supply.

## ২. চাহিদার মৌলিক ধারণা (Basic Concepts of Demand):

### ২.১: চাহিদা (Demand) কী?

Demand refers to the quantity of a good or service that consumers are willing and able to purchase at various prices during a given period of time.

চাহিদা বলতে বোঝায় — কোনো নির্দিষ্ট সময়ে, নির্দিষ্ট মূল্যে, ভোক্তা কতটুকু পণ্য বা সেবা ক্রয় করতে ইচ্ছুক এবং সক্ষম, সেই পরিমাণকে।

### চাহিদার ৩ টি শর্ত

১. অভাব বা প্রয়োজন

২. ক্রয়ক্ষমতা

৩. ক্রয় করায় ইচ্ছ

অর্থাৎ অভাব + ইচ্ছা + ক্রয়ক্ষমতা = চাহিদা

### ২.২: চাহিদার আইন (Law of Demand):

অন্যান্য সব কিছু অপরিবর্তিত থাকলে, কোনো পণ্যের দাম বাড়লে তার চাহিদা কমে, আর দাম কমলে চাহিদা বাড়ে।

অর্থাৎ, মূল্য ও চাহিদার মধ্যে ঋণাত্মক সম্পর্ক রয়েছে।

### Law of Demand

States that, ceteris paribus (all other factors remaining constant), as the price of a good increases, the quantity demanded decreases, and vice versa.

**Reason: Substitution effect and income effect.**

### ২.৩: চাহিদা পরিবর্তনের কারণ (Determinants of Demand):

- পণ্যের দাম

- ভোক্তার আয়

-সম্পর্কিত পণ্যের দাম (প্রতিস্থাপক ও পরিপূরক পণ্য)

-স্বাদ ও রুচি

-ভবিষ্যতের প্রত্যাশা

-জনসংখ্যার পরিবর্তন

### ২.৪: সরবরাহের সংজ্ঞা (Definition of Supply):

সরবরাহ বলতে কোন একটি নির্দিষ্ট মূল্যে ও নির্দিষ্ট সময়ে একটি পণ্যের যে পরিমাণ পরিমাণ প্রস্তুতকারক বাজারে বিক্রয়ের জন্য প্রস্তত থাকে, তাকে বোঝায়।

উদাহরণ: যদি চালের দাম প্রতি কেজি ৫০ টাকা হয় এবং কৃষক ১,০০০ কেজি চাল বাজারে বিক্রি করতে চায়, তাহলে এটাই সেই মূল্যে সরবরাহ।

### ২.৫: সরবরাহের বৈশিষ্ট্য (Features of Supply):

-দামের ওপর নির্ভরশীল

– পণ্যের দাম বাড়লে সরবরাহও সাধারণত বাড়ে।

-সময় নির্ভর

– সরবরাহ নির্দিষ্ট সময়ের জন্য বিবেচিত হয়।

- পরিমাণগত – সরবরাহ সব সময় পরিমাণে প্রকাশ করা হয়।

- ইচ্ছাকৃত – এটি বাজারে বিক্রয়ের জন্য প্রস্তুত অংশ, গুদামে থাকা নয়।

### ২.৬: সরবরাহের সূত্র (Law of Supply):

সরবরাহের সূত্র অনুযায়ী, অন্যান্য সব কিছু অপরিবর্তিত থাকলে, কোনো পণ্যের দাম বাড়লে তার সরবরাহও বাড়ে এবং দাম কমলে সরবরাহও কমে।

### Elasticity বা স্থিতিস্থাপকতা কী?

**Elasticity বা স্থিতিস্থাপকতা** হলো একটি ভেরিয়েবল বা চলকের (যেমন: দাম, আয়) পরিবর্তনের কারণে অন্য একটি ভেরিয়েবলের (যেমন: চাহিদা, যোগান) কতটা অনুপাতে পরিবর্তন হয় তা পরিমাপ করার একটি মাপকাঠি।

### চাহিদার স্থিতিস্থাপকতা (Elasticity of Demand)

দামের আপেক্ষিক বা শাতংশিক (%) পরিবর্তনের ফলে **চাহিদার** (Demand) যে আপেক্ষিক বা শাতংশিক (%) পরিবর্তন ঘটে, তাকে চাহিদার স্থিতিস্থাপকতা (Elasticity of Demand) বলে।

### চাহিদার স্থিতিস্থাপকতা ($E_d$):

$$(E_d)=\frac{\text{চাহিদার পরিবর্তনের পরিমাণ}}{\text{দামের পরিবর্তনের পরিমাণ}} \times \frac{\text{প্রাথমিক দাম}}{\text{প্রাথমিক চাহিদার পরিমান}}$$

$$E_d = \frac{\triangle Q}{\triangle P} \times \frac{P}{Q}$$

যেখানে,

$\triangle Q$ = চাহিদার পরিবর্তনের পরিমাণ,

$\triangle P$ = দামের পরিবর্তনের পরিমাণ,

P = প্রাথমিক দাম এবং

Q = প্রাথমিক চাহিদার পরিমান

### ২. Elasticity বা স্থিতিস্থাপকতা প্রকারভেদ

**চাহিদার দাম স্থিতিস্থাপকতা (Price Elasticity of Demand - PED)**

দামের পরিবর্তনের কারণে চাহিদার পরিমাণ কতটা পরিবর্তিত হয় তা পরিমাপ করে।

### চাহিদার দাম স্থিতিস্থাপকতা ($E_p$)

$$(E_p)=\frac{\text{চাহিদার আপেক্ষিক পরিবর্তনের}}{\text{দামের আপেক্ষিক পরিবর্তন}}$$

$$=\frac{\frac{\text{চাহিদার পরিবর্তনের পরিমাণ } (\triangle Q)}{\text{প্রাথমিক চাহিদার পরিমান } (Q)}}{\frac{\text{দামের পরিবর্তনের পরিমাণ } (\triangle P)}{\text{প্রাথমিক দাম } (P)}}$$

$$=\frac{\frac{\triangle Q}{Q}}{\frac{\triangle P}{P}}$$

সবচেয়ে গুরুত্বপূর্ণ MCQ

১. অর্থনীতির ভাষায় যোগান (Demand) বলতে বোঝায়?

ক. কোন কিছুর অভাব (Want it)

খ. ক্রয়ক্ষমতা (Can afford it)

গ. ক্রয় করার পরিকল্পনা (Plan to buy it)

ঘ. সব

২. Smartphones and apps কোন ধরণের দ্রব্য?

ক. সম্পূরক (supplementary goods)

**খ. পরিপূরক পণ্য (complementary goods)**

গ. প্রয়োজনীয় পণ্য (necessary goods)

ঘ. সব

**MCQ QUESTION AND ANSWER**

**১. চাহিদা কাকে বলে?**

ক) উৎপাদনের ইচ্ছা খ) পণ্যের মূল্য

গ) ভোক্তার ক্রয় করার সক্ষমতা ও ইচ্ছা

ঘ) সরবরাহের পরিমাণ

২. 'চাহিদার আইন' অনুযায়ী, অন্যান্য সব কিছু অপরিবর্তিত থাকলে–

ক) দামের সঙ্গে চাহিদা বাড়ে

খ) দামের সঙ্গে চাহিদা অপরিবর্তিত থাকে

গ) দাম বাড়লে চাহিদা কমে, দাম কমলে চাহিদা বাড়ে

ঘ) আয় বৃদ্ধির সঙ্গে চাহিদা কমে

**৩. কোনটি চাহিদাকে প্রভাবিত করে না?**

(ক) পণ্যের দাম (খ) ক্রেতার রুচি

(গ) উৎপাদকের সংখ্যা

(ঘ) ভোক্তার আয়

৪. গিফেন পণ্যের ক্ষেত্রে, দামের সঙ্গে চাহিদা কীভাবে পরিবর্তিত হয়?

ক) দাম বাড়লে চাহিদা বাড়ে

খ) দাম কমলে চাহিদা বাড়ে

গ) দাম বাড়লে চাহিদা কমে

ঘ) কোনো সম্পর্ক নেই

৫. স্বাভাবিক পণ্যের ক্ষেত্রে আয় বাড়লে চাহিদা–

ক) কমে যায় খ) অপরিবর্তিত থাকে

গ) বাড়ে ঘ) অস্বাভাবিকভাবে ওঠানামা করে

৬. চাহিদা রেখা সাধারণত কোন দিকে ঢালু হয়?

ক) ওপর থেকে নিচে ডানদিকে

খ) নিচ থেকে ওপর ডানদিকে

গ) ওপর থেকে নিচে বাঁদিকে

ঘ) নিচ থেকে ওপর বাঁদিকে

৭. নিম্নলিখিত কোনটি চাহিদার পরিবর্তনের কারণ হতে পারে?

ক) সরবরাহের পরিমাণ খ) প্রযুক্তির উন্নয়ন

গ) ভোক্তার স্বাদ ও রুচির পরিবর্তন ঘ) উৎপাদকদের লাভ

৮. যখন কোনো পণ্যের বিকল্প পণ্যের দাম কমে যায়, তখন মূল পণ্যের চাহিদা–

(ক) বাড়ে (খ) কমে

(গ) অপরিবর্তিত থাকে (ঘ) দ্বিগুণ হয়

৯. যোগানের সূত্র অনুযায়ী, পণ্যের মূল্য বৃদ্ধি পেলে যোগানের পরিমাণ:

(ক) অনিয়মিত হয় (খ) স্থির থাকে

(গ) কমে (ঘ) বাড়ে

১০. চাহিদার উপর সবচেয়ে বেশি প্রভাব ফেলে–

(ক) সরবরাহ (খ) উৎপাদন

(গ) মূল্য (ঘ) পরিবেশ

**উত্তরমালা**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ | গ | গ | ক | গ | ক | গ | খ | ঘ | গ |

**MCQ QUESTION AND ANSWER**

১. যোগান বলতে কী বোঝায়?

ক) পণ্যের মোট উৎপাদন ক্ষমতা
খ) একটি নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট মূল্যে বিক্রেতার পণ্য বিক্রয়ের ইচ্ছা ও সামর্থ্য
গ) ভোক্তার চাহিদা পূরণের ক্ষমতা
ঘ) সরকারি পণ্য বিতরণ

২. যোগান রেখা সাধারণত কী ধরনের হয়?

ক) উল্লম্ব (Vertical)

খ) অনুভূমিক (Horizontal)

গ) ঊর্ধ্বগামী (Upward Sloping)

ঘ) নিম্নগামী (Downward Sloping)

**৩. যোগানের মূল নিয়ামক (Determinant) কোনটি নয়?**

ক) পণ্যের মূল্য খ) উৎপাদন খরচ

গ) ভোক্তার আয় ঘ) প্রযুক্তির উন্নতি

৪. যদি পণ্যের মূল্য বৃদ্ধি পায়, তবে যোগান কী হবে?

ক) বৃদ্ধি পাবে খ) হ্রাস পাবে

গ) অপরিবর্তিত থাকবে ঘ) শূন্য হয়ে যাবে

৫. যোগানের স্থিতিস্থাপকতা (Elasticity of Supply) বলতে কী বোঝায়?

ক) মূল্য পরিবর্তনে যোগানের সংবেদনশীলতা

খ) উৎপাদন খরচের পরিবর্তন

গ) ভোক্তার আয়ের প্রভাব

ঘ) সরকারি নীতির প্রভাব

৬. কোন অবস্থায় যোগান স্থিতিস্থাপক (Elastic) হয়?

ক) যোগানের পরিবর্তন % > মূল্যের পরিবর্তন %

খ) যোগানের পরিবর্তন % < মূল্যের পরিবর্তন %

গ) যোগান সবসময় অস্থিতিস্থাপক

ঘ) যোগান ও মূল্যের পরিবর্তন সমান

৭. উৎপাদন খরচ বৃদ্ধি পেলে যোগান রেখার কী পরিবর্তন হয়?

ক) ডান দিকে স্থানান্তর (বৃদ্ধি)

খ) বাম দিকে স্থানান্তর (হ্রাস)

গ) অপরিবর্তিত থাকে

ঘ) ঊর্ধ্বগামী হয়

৮. স্বল্পকালীন সময়ে যোগান সাধারণত কী ধরনের হয়?

ক) অত্যন্ত স্থিতিস্থাপক খ) অস্থিতিস্থাপক

গ) সম্পূর্ণ স্থিতিস্থাপক ঘ) ঋণাত্মক স্থিতিস্থাপক

৯. দীর্ঘকালীন সময়ে যোগান বেশি স্থিতিস্থাপক হয়, কারণ–

ক) উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পায়

খ) নতুন ফার্ম বাজারে আসে

গ) প্রযুক্তির উন্নতি হয়

ঘ) উপরের সবকটি

১০. যদি একটি পণ্যের যোগান সম্পূর্ণ অস্থিতিস্থাপক হয়, তাহলে মূল্য বৃদ্ধিতে যোগান কী হবে?

ক) বৃদ্ধি পাবে খ) হ্রাস পাবে

গ) অপরিবর্তিত থাকবে ঘ) শূন্য হয়ে যাবে

**উত্তরমালা**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| খ | গ | গ | ক | ক | ক | খ | খ | ঘ | গ |

**MCQ QUESTION AND ANSWER**

**১. $Q_d$ = 10 – 2P কী ধরণের অপেক্ষক?**

ক) চাহিদা অপেক্ষক খ) চাহিদা অপেক্ষক গ) যোগান অপেক্ষক ঘ) ভোগ অপেক্ষক

২. $Q_s$ = 10 +2P কী ধরণের অপেক্ষক?

ক) চাহিদা অপেক্ষক খ) চাহিদা অপেক্ষক গ) যোগান অপেক্ষক ঘ) ভোগ অপেক্ষক

৩.চাহিদা অপেক্ষকটি গাণিতিকভাবে প্রকাশ করা হয় কীভাবে?

ক) **$Q_d$= f (P)**

খ) **$Q_d$= f (P)**

গ) **$Q_d$= f (P)**

ঘ) **$Q_d$= f (P)**

৪. চাহিদার দাম স্থিতিস্থাপকতার সূত্রটি কী?

ক) Ep = $\frac{\text{দামের শতাংশ পরিবর্তন}}{\text{চাহিদার পরিমাণের শতাংশ পরিবর্তন}}$

খ) Ep = $\frac{\text{মোট আয়}}{\text{চাহিদার পরিমাণের}}$

গ) Ep = $\frac{\text{দামের শতাংশ পরিবর্তন}}{\text{মোট আয়}}$

ঘ) Ep = $\frac{\text{চাহিদার পরিমাণের পরিবর্তন}}{\text{চাহিদার পরিমাণের শতাংশ পরিবর্তন}}$

৫. যদি কোনো পণ্যের দাম ১০% কমে যায় এবং এর ফলে চাহিদার পরিমাণ ১৫% বৃদ্ধি পায়, তাহলে চাহিদাটি কী ধরনের হবে?

ক. একক স্থিতিস্থাপক (Unitary elastic)

খ. সম্পূর্ণ অস্থিতিস্থাপক (Perfectly inelastic)

গ. অস্থিতিস্থাপক (Inelastic)

ঘ. স্থিতিস্থাপক (Elastic)

**৬. চাহিদার আয় স্থিতিস্থাপকতা ঋণাত্মক (negative) হলে পণ্যটি কী ধরনের?**

ক. প্রতিস্থাপনযোগ্য পণ্য (Substitute good)

খ. নিম্নমানের পণ্য (Inferior good)

গ. উচ্চমানের পণ্য (Luxury good)

ঘ. সাধারণ পণ্য (Normal good)

৭. কোন পরিস্থিতিতে কোনো পণ্যের চাহিদার দাম স্থিতিস্থাপকতা সম্পূর্ণ অস্থিতিস্থাপক ($E_d$=0) হয়?

ক. দাম বাড়লে চাহিদার পরিমাণ কমে যায়

খ. দাম 1% পরিবর্তিত হলে চাহিদার পরিমাণ 1% পরিবর্তিত হয়।

গ. দাম পরিবর্তন হলেও চাহিদার পরিমাণে কোনো পরিবর্তন হয় না।

ঘ. দাম সামান্য পরিবর্তন হলে চাহিদার পরিমাণ অসীমভাবে পরিবর্তিত হয়।

৮. যদি দুটি পণ্যের আড়াআড়ি দাম স্থিতিস্থাপকতা (cross-price elasticity) ধনাত্মক (positive) হয়, তাহলে পণ্য দুটি কী ধরনের?

ক. পরিপূরক পণ্য (Complementary goods)

খ. স্বাধীন পণ্য (Independent goods)

গ নিম্নমানের পণ্য (Inferior goods)

ঘ. প্রতিস্থাপনযোগ্য পণ্য (Substitute goods)

ব্যাখ্যা: প্রতিস্থাপনযোগ্য পণ্যের ক্ষেত্রে, একটির দাম বাড়লে অন্যটির চাহিদা বেড়ে যায়, তাই স্থিতিস্থাপকতা ধনাত্মক হয়।

৯. একটি পণ্যের দাম ৭% কমানো সত্ত্বেও মোট রাজস্ব (total revenue) বৃদ্ধি পায়। তাহলে এই পণ্যের চাহিদা স্থিতিস্থাপকতা কী ধরনের হবে?

ক. একক স্থিতিস্থাপক ($E_d$=১)

খ. স্থিতিস্থাপক ($E_d$>১)

গ সম্পূর্ণ অস্থিতিস্থাপক ($E_d$=0)

ঘ. অস্থিতিস্থাপক ($E_d$<১)

স্থিতিস্থাপক চাহিদার ক্ষেত্রে দাম কমলে চাহিদার পরিমাণ বেশি পরিমাণে বৃদ্ধি পায়, ফলে মোট রাজস্ব বৃদ্ধি পায়।

১০. কোন পণ্যের চাহিদার স্থিতিস্থাপকতা সাধারণত শূন্য হয়?

ক. গাড়ি (Car)

খ. জীবনরক্ষাকারী ঔষধ (Life-saving medicine)

গ পোশাক (Clothing)

ঘ. লবণ (Salt)

জীবনরক্ষাকারী ঔষধের দাম পরিবর্তন হলেও তার চাহিদা প্রায় অপরিবর্তিত থাকে, কারণ এর কোনো বিকল্প নেই এবং এটি অপরিহার্য।

**উত্তরমালা**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক | গ | ক | ক | ঘ | খ | গ | ঘ | খ | খ |

**IMPORTANT MCQ**

১.একটি পণ্যের চাহিদা সমীকরণ (Demand Equation) Qd=100−2P হলে, যখন দাম (P) 10 টাকা, তখন চাহিদার পরিমাণ (Qd) কত হবে?

ক. ৮০ খ. ৯০

গ. ১০০ ঘ. ১২০

২ . ভেবে নিন, কফি এবং চা বিকল্প পণ্য। যদি কফির দাম বৃদ্ধি পায়, তবে চায়ের চাহিদা রেখায় কী ঘটবে?

ক. চাহিদা রেখা ডানে স্থানান্তরিত হবে।
খ. কোনো পরিবর্তন হবে না।

গ. চাহিদা রেখা বামে স্থানান্তরিত হবে।

ঘ. চাহিদা রেখার উপর চলন হবে।

৩. যদি চাহিদার স্থিতিস্থাপকতার মান ১ এর চেয়ে বেশি হয়, তাহলে চাহিদাটি কেমন হবে?

ক. অস্থিতিস্থাপক (Inelastic)

খ. স্থিতিস্থাপক (Elastic)

গ. সম্পূর্ণ স্থিতিস্থাপক (Perfectly elastic)

ঘ. একক স্থিতিস্থাপক (Unitary elastic)

৪.নিচের কোন ধরনের পণ্যের চাহিদা সাধারণত অস্থিতিস্থাপক (Inelastic) হয়?

ক. বিলাসবহুল দ্রব্য (Luxury goods)

খ. গাড়ি (Cars)

গ. লবণ (Salt)

ঘ. রেস্টুরেন্টের খাবার (Restaurant food)

লবণ একটি অপরিহার্য পণ্য, তাই এর দাম বাড়লেও মানুষ এর ব্যবহার খুব বেশি কমাতে পারে না। তাই এর চাহিদা অস্থিতিস্থাপক (Inelastic).

৫. চাহিদার আয় স্থিতিস্থাপকতা (Income Elasticity of Demand) ধনাত্মক হলে পণ্যটি কোন ধরনের?

ক. নিম্নমানের পণ্য (Inferior good)

খ. বিলাসবহুল পণ্য (Luxury good)

গ. সাধারণ পণ্য (Normal good)

ঘ. পরিবর্তক পণ্য (Substitute good)

সাধারণ পণ্যের ক্ষেত্রে আয় বাড়লে চাহিদা বাড়ে, তাই আয় স্থিতিস্থাপকতা ধনাত্মক হয়।

৬.চাহিদার আড়াআড়ি দাম স্থিতিস্থাপকতা (Cross-price Elasticity of Demand) ঋণাত্মক হলে পণ্য দুটি কেমন সম্পর্কযুক্ত?

ক. নিম্নমানের পণ্য (Inferior goods)

খ. পরিবর্তক পণ্য (Substitute goods)

গ. সম্পূরক পণ্য (Complementary goods)

ঘ. অসম্পর্কিত পণ্য (Unrelated goods)

পরিবর্তক পণ্যের (Substitute goods) ক্ষেত্রে (যেমন চা এবং কফি) একটির দাম বাড়লে অন্যটির চাহিদা বাড়ে, ফলে আড়াআড়ি স্থিতিস্থাপকতা ধনাত্মক হয়।

যখন দুটি পণ্য সম্পূরক (Complementary goods) হয় (যেমন গাড়ি এবং পেট্রোল), তখন একটির দাম বাড়লে অন্যটির চাহিদা কমে যায়, ফলে আড়াআড়ি স্থিতিস্থাপকতা ঋণাত্মক হয়।

৭. যোগানের দাম স্থিতিস্থাপকতা (Price Elasticity of Supply) 0 হলে যোগানটি কেমন?

ক. একক স্থিতিস্থাপক (Unitary Elastic)

খ. পূর্ণ অস্থিতিস্থাপক (Perfectly Inelastic)

গ. অস্থিতিস্থাপক (Inelastic)

ঘ. স্থিতিস্থাপক (Elastic)

যোগানের স্থিতিস্থাপকতা যখন 0 হয়, তখন দামের পরিবর্তন হলেও যোগানের পরিমাণে কোনো পরিবর্তন হয় না। এটি পূর্ণ অস্থিতিস্থাপক যোগানের বৈশিষ্ট্য।

৮. যদি চাহিদার দাম স্থিতিস্থাপকতা ২.৫ হয়, তাহলে দাম বাড়লে মোট রাজস্বের (Total Revenue) কী হবে?

ক. বলা সম্ভব নয় (It's not possible to tell)

খ. মোট রাজস্ব বাড়বে (Total revenue will increase)

গ. মোট রাজস্ব কমবে (Total revenue will decrease)

ঘ. মোট রাজস্ব অপরিবর্তিত থাকবে (Total revenue will remain unchanged)

যখন চাহিদা স্থিতিস্থাপক হয় ($|E_d|>1$), তখন দাম বাড়লে মোট রাজস্ব কমে যায়।

৯. চাহিদার স্থিতিস্থাপকতা পরিমাপের জন্য নিচের কোন পদ্ধতিটি ব্যবহার করা হয়?

ক. প্রন্তিক উপযোগিতা (Marginal utility) এবং মোট উপযোগিতা (Total utility)

খ. উৎপাদন সম্ভাবনা রেখা (Production possibility frontier) এবং উৎপাদন অপেক্ষক (Production function)

গ. পয়েন্ট স্থিতিস্থাপকতা (Point elasticity) এবং আর্ক স্থিতিস্থাপকতা (Arc elasticity)

ঘ. বাজেট লাইন (Budget line) এবং নিরপেক্ষ রেখা (Indifference curve)

এগুলি চাহিদার স্থিতিস্থাপকতা পরিমাপের দুটি প্রধান পদ্ধতি। পয়েন্ট স্থিতিস্থাপকতা একটি নির্দিষ্ট বিন্দুতে স্থিতিস্থাপকতা পরিমাপ করে এবং আর্ক স্থিতিস্থাপকতা দুটি বিন্দুর মধ্যে স্থিতিস্থাপকতা পরিমাপ করে।

১০. যদি কোনো পণ্যের চাহিদার আয় স্থিতিস্থাপকতা ঋণাত্মক হয়, তাহলে পণ্যটি কেমন?

ক. নিম্নমানের পণ্য (Inferior good)

খ. পরিবর্তক পণ্য (Substitute good)

গ. সম্পূরক পণ্য (Complementary good)

ঘ. সাধারণ পণ্য (Normal good)

**নিম্নমানের পণ্যের ক্ষেত্রে আয় বাড়লে চাহিদা কমে, তাই আয় স্থিতিস্থাপকতা ঋণাত্মক হয়।**

## উত্তরমালা

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক | ক | খ | গ | গ | গ | খ | গ | গ | ক |

## MCQ

১. চাহিদা বিধির ব্যতিক্রম (Exceptions to the Law of Demand) কোনটির ক্ষেত্রে দেখা যায়?

ক. সম্পূরক দ্রব্য (Complementary goods)

খ. গিফেন দ্রব্য (Giffen goods)

গ. পরিবর্তক দ্রব্য (Substitute goods)

ঘ. সাধারণ দ্রব্য (Normal goods)

২. যদি কোনো পণ্যের উৎপাদন খরচ (cost of production) বেড়ে যায়, তাহলে যোগান রেখার কী ঘটবে?

ক. যোগান রেখা বরাবর ঊর্ধ্বমুখী হবে (Movement upward along the supply curve)

খ. যোগান রেখা ডান দিকে সরে যাবে (Supply curve will shift rightward)

গ. যোগান রেখা বাম দিকে সরে যাবে (Supply curve will shift leftward)

ঘ. যোগান রেখা বরাবর নিম্নমুখী হবে (Movement downward along the supply curve)

৩. কফি এবং চায়ের বাজারকে বিবেচনা করলে, যদি কফির দাম বেড়ে যায়, তাহলে চায়ের চাহিদার ওপর কী প্রভাব পড়বে?

ক. যোগান বাড়বে (Supply will increase)

খ. চাহিদা কমবে (Demand will decrease)

গ. চাহিদা অপরিবর্তিত থাকবে (Demand will remain unchanged)

ঘ. চাহিদা বাড়বে (Demand will increase)

৪. কোন ধরনের বাজারে সরকারের পক্ষ থেকে একটি সর্বনিম্ন মূল্য (price floor) নির্ধারণ করা হয় যা ভারসাম্য দামের উপরে?

ক. শেয়ার বাজার (Stock markets)

খ. কৃষি পণ্যের বাজার (Agricultural markets)

গ. জ্বালানির বাজার (Fuel markets)

ঘ. বিলাসবহুল পণ্যের বাজার (Luxury goods markets)

৫. যদি কোনো পণ্যের যোগান পূর্ণ স্থিতিস্থাপক (Perfectly Elastic) হয়, তাহলে একটি নির্দিষ্ট পরিমাণ করারোপ (tax) করা হলে তার সম্পূর্ণ বোঝা (incidence) কে বহন করবে?

ক. উৎপাদক (Producer)

খ. উৎপাদক ও ভোক্তা উভয়েই সমানভাবে (Both producer and consumer equally)

গ. সরকার (Government)

ঘ. ভোক্তা (Consumer)

৬. একটি পণ্যের স্বল্পমেয়াদী (short-run) যোগান দীর্ঘমেয়াদী (long-run) যোগানের চেয়ে কেমন হয়?

ক. একক স্থিতিস্থাপক (Unitary elastic)

খ. পূর্ণ স্থিতিস্থাপক (Perfectly elastic)

গ. বেশি স্থিতিস্থাপক (More elastic)

ঘ. কম স্থিতিস্থাপক (Less elastic)

স্বল্পমেয়াদে উৎপাদকেরা সব উপকরণ পরিবর্তন করতে পারে না, তাই দাম পরিবর্তনের প্রতি তাদের সাড়া দেওয়ার ক্ষমতা সীমিত থাকে, ফলে যোগান কম স্থিতিস্থাপক হয়।

৭. একটি বাজার ভারসাম্যে পৌঁছালে মোট সামাজিক কল্যাণ (Total social welfare), যা ভোক্তা ও উৎপাদক উদ্বৃত্তের (Consumer and Producer Surplus) সমষ্টি, সর্বোচ্চ হয়। যদি সরকারের পক্ষ থেকে কোনো হস্তক্ষেপের কারণে ভারসাম্য থেকে বিচ্যুতি ঘটে, তাহলে কী ঘটে?

ক. সামাজিক কল্যাণ সর্বোচ্চ থাকে (Social welfare remains at its maximum)

খ. উৎপাদক উদ্বৃত্ত বৃদ্ধি পায় (Producer surplus increases)

গ. ডেডওয়েট লস (Deadweight Loss) তৈরি হয় (Deadweight Loss is created)

ঘ. সামাজিক কল্যাণ বৃদ্ধি পায় (Social welfare increases)

সরকারের হস্তক্ষেপের কারণে বাজারে যে অদক্ষতা সৃষ্টি হয় এবং যে সামাজিক কল্যাণ হারানো যায়, তাকেই ডেডওয়েট লস বলা হয়।

৮. বাজারে ভারসাম্য মূল্য (Equilibrium Price) নির্ধারিত হয় কীভাবে?

ক. শুধুমাত্র চাহিদা দ্বারা

খ. শুধুমাত্র সরবরাহ দ্বারা

গ. চাহিদা ও সরবরাহের মিথস্ক্রিয়া দ্বারা

ঘ. সরকারি নির্দেশনা দ্বারা

৯. একটি সরলরৈখিক চাহিদা রেখার (linear demand curve) মধ্যবিন্দুতে স্থিতিস্থাপকতার মান কত?

ক. শূন্য (0) খ. একের চেয়ে কম (<১)

গ. অসীম (∞) ঘ. এক (১)

১০. নিচের সমীকরন ২ টি থেকে ভারসাম্য দাম (Equilibrium Price) নির্ণয় কর?

$Q_d = 15 - 5P$

$Q_s = -5 + 5P$

ক. ২ খ. ৫

গ. ১০ ঘ. ১৫

সমাধান:

আমরা জানি, ভারসাম্য দাম (Equilibrium Price):

$Q_d = Q_s$

বা, $15 - 5P = -5 + 5P$

বা, $-5p - 5P = -5 - 15$

বা, -10P = -20

বা, P = 2 (Answer)

**উত্তরমালা**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| খ | গ | ঘ | খ | ঘ | ঘ | গ | গ | ঘ | ক |